

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
ছাত্রলীগ থেকে দুজন
বহিষ্কার, একজনের
পদ স্থগিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই কর্মীকে সংগঠন থেকে বহিষ্কার ও একজনের পদ স্থগিত করা হয়েছে। গতকাল শনিবার রাতে ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

গত মঙ্গলবার ক্যাম্পাসে এক ছাত্রীকে উত্ত্যক্ত ও দুজনকে যারথরের জের ধরে পরদিন ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে দাণ্ডাপাশ্টি ধাওয়া ও ইটপাটকেল বিক্ষেপের ঘটনা ঘটে। এ ঘটনার সঠেনের কেন্দ্রীয় কমিটি এই তিনজনের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয় বলে জানা গেছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক এক অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের আমির হোসেন (রসায়ন বিভাগ, ৩৯তম ব্যাচ) ও কামাল উদ্দিন হলের মাসুদ পারভেজকে (সরকার ও রাজনীতি বিভাগ, ৩৮তম ব্যাচ) সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া কেন্দ্রীয় কমিটির সদস্য রিয়াজ মাহমুদের (সরকার ও রাজনীতি, ৩৬তম ব্যাচ) পদ স্থগিত করা হলো।